দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 NOV 2017
পৃ. ১৩ কলাম ৮

# এসএসসির ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

■ শরণখোলা (বাগেরহাট) সংবাদদাতা

শরণখোলার আমড়াগাছিয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে এবারের এসএসসি ও জেএসসি পরীক্ষায় ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে।

অভিভাবক ও শিক্ষার্থীদের অভিযোগে জানা গেছে, ২০১৮ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমড়াগাছিয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে ফরম পূরণে পরীক্ষার্থীদের অতিরিক্ত টাকা পরিশোধ করতে হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বোর্ড নির্ধারিত ফি না নিয়ে একেকজন পরীক্ষার্থীর কাছ থেকে ১৮শ থেকে ২ হাজার টাকারও বেশি আদায় করেছেন। গরীব অভিভাবকরা বোর্ড নির্ধারিত ফি দিতে চাইলে তাদেরকে বিভিন্ন চাপ দিয়ে অতিরিক্ত টাকা দিতে বাধ্য করা হয়েছে বলে নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন অভিভাবক জানান। এছাড়াও সদ্য সমাপ্ত জেএসসি পরীক্ষার ফি ও প্রবেশপত্র দেওয়ার নামে বেশি টাকা আদায় করা হয়েছে বলেও অভিযোগে বলা হয়েছে। প্রধান শিক্ষকের এসব অনিয়ম দুর্নীতির প্রতিকার চেয়ে ওই বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য-১ মো. আমিনুল ইসলাম শরণখোলা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগপত্র দাখিল করেছেন।

এদিকে আমড়াগাছিয়া বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সরোয়ার হোসেন খানের কাছে মোবাইল ফোনে জানতে চাইলে তিনি পরীক্ষার্থীদের কাছ থেকে বেশি টাকা নেওয়ার কথা অস্বীকার করেন।